প্রতিদিন অন্তত একবার আপনার প্রতিষ্ঠানের ই-মেইল দেখুন।	**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড** পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (শর্টকোর্স শাখা) আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা-১২০৭	প্রতিদিন অন্তত একবার বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন।

Web site : **www.bteb.gov.bd**

স্মারক নং-বাকাশিবো/প-শর্টকোর্স/২০১৬/১৪৬ তারিখঃ ১৬-০২-২০১৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত জাতীয় দক্ষতামান বেসিক ৩৬০ ঘন্টা মেয়াদি কোর্সের **(জানুয়ারি-মার্চ ২০১৬ সেশন)** ২০১৬ সনের চূড়ান্ত লিখিত এবং ব্যবহারিক পরীক্ষা আগামী **০১ এপ্রিল ২০১৬ খ্রিঃ শুক্রবার** সকাল ১০.০০ টা হতে বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

পরীক্ষাকেন্দ্রের বিস্তারিত তালিকা পরবর্তিতে জানানো হবে। এ ছাড়া বোর্ডের ওয়েব সাইটে (**www.bteb.gov.bd**) এতদসংক্রান্ত তথ্যাদি দেখা যাবে।

স্বাক্ষরিত
(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
ফোনঃ ৯১১৩২৮৩

অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান মোতাবেক মান বণ্টন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে।

১। যে সকল পরীক্ষার্থী ২০১৬ সনের **(জানুয়ারি-মার্চ ২০১৬ সেশন)** জাতীয় দক্ষতামান বেসিক ৩৬০ঘন্টা পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করেছেন শুধুমাত্র তারাই ০**১ এপ্রিল ২০১৬ খ্রিঃ (শুক্রবার)** তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২। তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক নম্বর (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে) এবং চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার নম্বর Online এর মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে (বিস্তারিত পরীক্ষার কেন্দ্র হতে জানা যাবে)।

৩। **আগামী ২০-২৮মার্চ ২০১৬ খ্রিঃ (জেলা সিডিউল অনুযায়ী) তারিখের মধ্যে এবং ব্যাংক ড্রাফট জমার ফটোকপি ও পরীক্ষার্থীদের তালিকা প্রদান করে প্রতিষ্ঠানসমূহকে নিজ দায়িত্বে রেজিস্ট্রেশন কার্ড রেজিস্ট্রেশন শাখা (৪র্থ তলা) হতে সংগ্রহ করতে হবে।**

- **সিডিউল তারিখের মধ্যে কোন শিক্ষা প্রতিষ্ঠান যদি রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ না করে তবে প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা দিয়ে সংগ্রহ করতে পারবে।**

ক্রমিক নং	বিভাগ/জেলা	বোর্ড হতে রেজিস্ট্রেশন কার্ড বিতরণের তারিখ জরিমানাবিহীন	**Online**-এর মাধ্যমে ইন্সটিটিউট হতে **TC/PC** নম্বর প্রদানের তারিখ	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে **২০-২৮ মার্চ ২০১৬ খ্রিঃ (সিডিউল অনুযায়ী) তারিখের** পর রেজিস্ট্রেশন কার্ড ও অন্যান্য দলিলাদি গ্রহণের ক্ষেত্রে প্রতিষ্ঠান জরিমানা হিসেবে বোর্ডকে ২৫০০/- টাকা ড্রাফটের মাধ্যমে প্রদান করতে হবে।
০১	রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলা।	২০-০৩-২০১৬ খ্রিঃ থেকে ২৮-০৩-২০১৬ খ্রিঃ	২৮-০৩-২০১৬ খ্রিঃ থেকে ৩১-০৩-২০১৬ খ্রিঃ	
০২	সিলেট ও চট্টগ্রাম বিভাগের সকল জেলা।			
০৩	খুলনা ও বরিশাল বিভাগের সকল জেলা।			
০৪	ঢাকা বিভাগের সকল জেলা।			

- **উল্লেখ্য, রেজিস্ট্রেশন কার্ড পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।**

৪। বোর্ড কর্তৃক প্রেরিত প্রশ্নপত্রে চূড়ান্ত লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষা সমাপ্তির সর্বোচ্চ ৩ দিনের মধ্যে উত্তরপত্র হাজিরা সীটসহ অন্যান্য তথ্যাদি **অবশ্যই হলুদ কাপড়ের প্যাকেটে সীলগালা করে (প্রতিষ্ঠান এবং কেন্দ্র যৌথভাবে)** বোর্ডের ঠিকানায় পাঠাতে হবে।

৫। **পরীক্ষা শুরুর ১ সপ্তাহ পূর্বে শুধুমাত্র উপস্থিত প্রতি পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ২০০/- টাকা হারে কেন্দ্র ফি বাবদ টাকা সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট নগদ (রশিদ প্রাপ্তি সাপেক্ষে) জমা দিতে হবে।**

৬। পরীক্ষা শুরুর এক সপ্তাহ পূর্বে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কেন্দ্রাধীন প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান অথবা তার মনোনীত একজন শিক্ষক নিয়ে পরীক্ষা কমিটি গঠন করতে হবে। পরীক্ষা কমিটির সদস্যসহ ব্যবহারিক পরীক্ষকদের পারিশ্রমিক এবং অন্যান্য ব্যয় কেন্দ্র ফি খাতে আদায়কৃত অর্থ থেকে নির্বাহ করতে হবে।

৭। পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার/টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউকে পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক নিজ শিক্ষা প্রতিষ্ঠান পরীক্ষাকেন্দ্র হতে) এবং অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক স্বঃ স্বঃ শিক্ষা প্রতিষ্ঠান হতে নিয়োগের ব্যবস্থা করতে হবে। **উল্লেখ্য, সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত ও পাঠদানকারী শিক্ষকদের মধ্য হতে অভ্যন্তরীণ এবং অনাভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগের ব্যবস্থা করতে হবে।**

৮। অভ্যন্তরীণ এবং অনাভ্যন্তরীণ পরীক্ষক যৌথভাবে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করবেন এবং নম্বর প্রদান করবেন।

৯। পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র, পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডসহ পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ দলিলাদি একজন প্রশিক্ষক বা সমপর্যায়ের ব্যক্তির মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের/সংগ্রহের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

১০। পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ/প্রেরণ নিম্নবর্ণিত ঠিকানায় করতে হবেঃ

(অবশ্যই হলুদ কাপড়ের প্যাকেটে সীলগালা করে)

পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
দৃষ্টি আকর্ষণঃ মোঃ সুলতান হোসেন, কারিকুলাম বিশেষজ্ঞ
শর্ট কোর্স শাখা, কক্ষ নং-৯০১ (৯ম তলা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। মোবাইলঃ ০১৭১৫-১০৮৫৪৯

স্মারক নং-বাকাশিবো/প-শর্টকোর্স/২০১৬/১৪৬(১৭৩) তারিখঃ ১৬-০২-২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ কার্যাথে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। মহা-পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কাকরাইল, ঢাকা।
৩। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
৫। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।**আগামী ২০ মার্চ ২০১৬ খ্রিঃ তারিখের পূর্বে রেজিস্ট্রেসন কার্ড প্রিন্টপূর্বক রেজিস্ট্রেশন শাখায় প্রেরণ করাসহ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।)**
৮। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান অনুযায়ী উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।**
৯। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা **(রেজিস্ট্রেশন কার্ড সরবরাহের পূর্বে সকল প্রকার পাওনা আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ উল্লিখিত তারিখসমূহে রেজিস্ট্রেশন কার্ড সরবরাহ করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
১০। মূল্যায়ন কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১। সহকারী পরিচালক (প্রকাশনা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা **(সংশ্লিষ্ট ট্রেডের সিলেবাস এবং প্রবিধানের নতুন অমন্তর্ভুক্ত বিষয়াবলি প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।)**
১২। পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ/টেক্সটাইল ভোকেশনাল ইন্সস্টিটিউট/অন্যান্য প্রতিষ্ঠান---।
১৩। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫। পরিদর্শক, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ সমূহ.......সকল বিভাগ।
১৬-১৭১। **অধ্যক্ষ/পরিচালক, জাতীয় দক্ষতমান বেসিক ৩৬০ ঘন্টা কম্পিউটার প্রশিক্ষণ এবং অন্যান্য কোর্স পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান TC (তাত্ত্বিক ধারাবাহিক) ও PC (ব্যাবহারিক ধারাবাহিক) এর নম্বর** Online-এর মাধ্যমে **পূরণকৃত নম্বর এর হার্ড কপি ০১ এপ্রিল ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কেন্দ্র সচিব এর নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো ।**
১৭২। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭৩। নথি।

(মোঃ সুলতান হোসেন)
কারিকুলাম বিশেষজ্ঞ
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
মোবাইলঃ ০১৭১৫-১০৮৫৪৯